

ভারতী তো আসল কথা

- শ্যামল তালুকদার

পাপের ওজন এতই বেশী  
পথ চলা যে দায়,  
গুনের ওজন হাঙ্কা বলেই  
উবে যেতে চায় ।

মানুষ জনম্ নিয়ে আমি  
করতে কিছু চাই,  
লোভের পরে টাকার ক্ষিধে  
মারলো আমায় তাই ।

আমার মত ভুল কোরোনা  
বন্ধু স্বজন ভাই,  
তোমার মত হতে যে চাই  
দাও না একটু ঠাঁই ।

কত আলো কত ভালো  
কত হট্টোগোল,  
তোমরা ভাবো শ্যামলদাতো  
হয়েছে পাগল ।

পাগলই তো আসল রাজা  
আমি রাজা নই,  
ভারতী তো আসল কথা  
আমি কিছুই নই ॥